গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম
মোবাইল: +৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd
EIIN-104200, NU Code-4346

তারিখ: ০৯/১১/২০২৫ খ্রি.

২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রী (পাস) ১ম মেধা তালিকার ভর্তি বিজ্ঞপ্তি

ডিগ্রী (পাস) ১ম বর্ষ ভর্তির (২০২৪-২০২৫) ১ম মেধা তালিকা এবং ফলাফলের ভিত্তিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ভর্তি ফরম পূরণ ও ফি জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

ক্রম নং	বিভাগ	কলেজে কাগজপত্র জমা দিয়ে ভর্তির তারিখ	অনলাইনে ভর্তি ফরমপূরণ ও টাকা জমা	ভর্তি ফি		সময়
				মুসলিম	অমুসলিম	
০১	বি.এ. ও বি.এস.এস.	১২/১১/২০২৫	১১/১১/২০২৫ তারিখ থেকে দেয়া যাবে	৩,৩৬৫/-	৩,৩১৫/-	সকাল ০৯.৩০ টা থেকে বেলা ০১.০০ টার পর্যন্ত
০২	বি.বি.এস.	১৩/১১/২০২৫				

বি.দ্র.: প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ০১(এক) বছরের পরিবহন ফি বাবদ ৩৫০/- (তিন শত পঞ্চাশ) টাকা উক্ত ফিসের সাথে একত্রে দিতে হবে।

কলেজ কর্তৃক ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে অনলাইন ভর্তি ফরমপূরণের নিয়মাবলী:

প্রথমে https://www.ggcc.edu.bd/ ওয়েবসাইটে প্রবেশ করুন। সেখানে কলেজ সংশ্লিষ্ট লিংকের অধীনে **ডিগ্রি (পাস) ১ম বর্ষ ভর্তি (২০২৪-২৫)** -এ ক্লিক করুন অথবা সরসরি https://gachhbaria.aalo.xyz/events লিংকে ক্লিক করুন। এরপর Degree 1st Year Admission (2024-25) অংশে গিয়ে Apply Now বাটনে ক্লিক করে * চিহ্নিত অপশনসমূহ পূরণ করে ভর্তি ফরম পূরণ ও ডিজিটাল পেমেন্ট গেটওয়ে Pay station ব্যবহার করে **বিকাশ, নগদ, উপায়, রকেট, এম ক্যাশ এবং অন্যান্য অপশন** সিলেক্ট করে ভর্তি ফি প্রদান করুন।

অনলাইনে ভর্তি ফরম পূরণ, ডাউনলোড, প্রিন্টকপি সংগ্রহ ও ভর্তি ফি জমা দেয়ার পর সকাল ০৯.৩০টা হতে বেলা ১.০০টা'র মধ্যে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমা দিতে হবে :

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম – ০২ কপি।
২। কলেজ কর্তৃক ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম ও ভর্তি ফি প্রদানের ফটোকপি – ০২ কপি।
৩। এস.এস.সি. ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষা পাসের মূল ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র।
৪। প্রত্যেক শিক্ষার্থীকে ১০০/- (একশত) টাকা একাডেমিক ক্যালেন্ডার বাবদ অফিসে জমা দিতে হবে।
৫। পাসপোর্ট সাইজের ছবি–০৩ কপি (ছবির পেছনে নাম ও রোল নম্বর লিখতে হবে)।
৬। ১০″ × ১২″ বড় খাম ১ টি। খামের উপর শিক্ষার্থীর নাম, পিতার নাম, বিভাগ/বিষয়, শিক্ষাবর্ষ, শিক্ষার্থীর মোবাইল নম্বর, অভিভাবকের নাম ও মোবাইল নম্বর লিখে দিতে হবে।
৭। উপরিউক্ত শর্তাবলির অনিয়ম হলে কর্তৃপক্ষ ভর্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

বিশেষ দ্রষ্টব্য :

১। উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক(পাস) /স্নাতক(সম্মান) /স্নাতক(সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১২ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
২। বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে ব্যাংকে ভর্তির টাকা জমা দেয়ার পর প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজে জমা দিতে ব্যর্থ হলে ভর্তি বাতিল হবে। ভর্তি বাতিল সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রী (পাস) ভর্তিকৃত শিক্ষার্থীদের আগামী ২০/১১/২০২৫ তারিখ থেকে ক্লাশ শুরু হবে।

৯/১১/২০২৫
(প্রফেসর রনজিৎ কুমার দত্ত)
আইডি নং-২৯৯৫
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম।
অধ্যক্ষ
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম।

৯.১১.২৫
আহ্বায়ক
ডিগ্রী(পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি (২০২৪-২০২৫)
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম